

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*

স-২২৯৬

আগরতলা, ২৪ সেপ্টেম্বর, ২০১৮

ছাত্র-ছাত্রীদের দেশ গঠনে বড় ভূমিকা নিতে হবে : রাজ্যপাল

স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের শুধুমাত্র বইয়ের মধ্যে সীমাবদ্ধ থাকলেই চলবে না। সমাজ তথা দেশ গঠনে তাদের বড় ভূমিকা নিতে হবে। স্বচ্ছতা-হি-সেবা কর্মসূচির অঙ্গ হিসাবে আজ মোহনপুরস্থিত স্বামী বিবেকানন্দ মহাবিদ্যালয়ে আয়োজিত এক অনুষ্ঠানে অংশ নিয়ে রাজ্যপাল প্রফেসর কাপ্তান সিং সোলাঙ্কি একথা বলেন। ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্য করে তিনি বলেন, নিজেদের মধ্যে দেশপ্রেম জাগাতে হবে। দেশকে নিজের দেশ ভাবতে হবে। অতীতে এই ভাবনার অভাব ছিল বলেই ভারতবর্ষ দীর্ঘদিন মোঘল, ইংরেজ ইত্যাদির কাছে পরাধীন ছিল। রাজ্যপাল বলেন নরেন্দ্র মোদীর নেতৃত্বে বর্তমান কেন্দ্রীয় সরকার দেশবাসীর স্বার্থে নানা কেন্দ্রীয় প্রকল্প চালু করেছে। স্বচ্ছ ভারত অভিযান এই প্রকল্পগুলির মধ্যে অন্যতম। এই অভিযানের মধ্য দিয়ে সমাজকে বিভিন্ন দূষণ থেকে মুক্ত রাখা যাবে। তিনি বলেন এই অভিযানের মধ্য দিয়ে দেশকে শুধু দৃশ্যমান ময়লামুক্ত নয় প্রত্যেক দেশবাসীর মনের দূষণও দূর করতে হবে। এর মাধ্যমেই মহাত্মা গান্ধী, স্বামী বিবেকানন্দের মতো মনীষীদের স্বপ্নের দেশ গড়ার ইচ্ছা বাস্তবায়িত হবে। রাজ্যপাল বলেন, এই ক্ষেত্রে সবচেয়ে অগ্রণী ভূমিকা নিতে হবে দেশের ছাত্র তথা যুব সমাজকেই। তিনি বলেন জাতির জনক মহাত্মা গান্ধী এক নতুন ভারতের স্বপ্ন দেখেছিলেন। তাঁর মহান আদর্শকে বাস্তবে রূপ দেবার লক্ষ্যে দেশের বর্তমান সরকার মহাত্মা গান্ধীর ১৫০তম জন্মজয়ন্তীকে ২ বছর ধরে সারা দেশব্যাপী পালনের সিদ্ধান্ত নিয়েছে।

অনুষ্ঠানে অন্যান্য অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন উচ্চ শিক্ষা দপ্তরের অধিকর্তা অমিত শুক্লা, স্বামী বিবেকানন্দ মহাবিদ্যালয়ের অধ্যক্ষ প্রমুখ। এই অনুষ্ঠানটি ছাড়াও ফটিকছড়া বাজারে ফটিকছড়া বাজার কমিটি ও এনসিসির উদ্যোগে আয়োজিত এক স্বচ্ছতা অভিযান কর্মসূচিতে রাজ্যপাল অংশ নেন।

\*\*\*\*